(একই তারিখ ও স্মারকে প্রতিস্থাপিত হবে)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়

মদন, নেত্রকোণা।

www.madan.netrokona.gov.bd

## বাংলা ১৪৩৩ সনে সরকারি হাট-বাজার ইজারা বিজ্ঞপ্তি নং-০১/২০২৬

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, মদন উপজেলার নিম্নলিখিত ০৯টি হাট-বাজার ১৪৩৩ বাংলা সনের (১ বৈশাখ হতে ৩০ চৈত্র পর্যন্ত) ১(এক) বছরের জন্য ইজারা প্রদানের নিমিত্ত নির্ধারিত শর্তাধীনে সীলমোহরকৃত দরপত্র আহ্বান করা যাচ্ছে। নিম্নোক্ত সময়সূচী অনুযায়ী ইজারার জন্য দরপত্র ক্রয় এবং দাখিল করা যাবে। দরপত্র দাখিলের দিন কোন দরপত্র বিক্রয় করা হবে না।

| পর্যায় নং | দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময় | দরপত্র দাখিলের তারিখ ও সময় |
|---|---|---|
| ১ম পর্যায় | ০৯.০২.২০২৬ খ্রিঃ/ ২৬.১০.১৪৩২ বাংলা<br>রোজ সোমবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ১০.০২.২০২৬ খ্রিঃ/ ২৭.১০.১৪৩২ বাংলা<br>রোজ মংগলবার বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত |
| ২য় পর্যায় | ২৫.০২.২০২৬ খ্রিঃ/ ১২.১১.১৪৩২ বাংলা<br>রোজ বুধবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৬.০২.২০২৬ খ্রিঃ/ ১৩.১১.১৪৩২ বাংলা<br>রোজ বৃহস্পতিবার বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত |
| ৩য় পর্যায় | ২৪.০৩.২০২৬ খ্রিঃ/ ১০.১২.১৪৩২ বাংলা<br>রোজ মঙ্গলবার অফিস চলাকালীন সময় পর্যন্ত | ২৫.০৩.২০২৬ খ্রিঃ/ ১১.১২.১৪৩২ বাংলা<br>রোজ বুধবার বেলা ১.০০ ঘটিকা পর্যন্ত |

বাংলা ১৪৩৩ সনের ইজারা যোগ্য হাট-বাজারের সম্ভাব্য সরকারি মূল্য এবং সিডিউল মূল্য নিম্নরূপঃ

| ক্রঃনং | ইউনিয়নের নাম | হাট-বাজারের নাম | ১৪৩৩ বাংলা সনের সরকারি মূল্য (তিন বছরের গড় ইজারা মূল্য) | বাংলা ১৪৩৩ সনের সিডিউল মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ০১ | কাইটাইল | কাইটাইল বাজার | ৭২,১৯২/- | ৫০০.০০ | |
| ০২ | গোবিন্দশ্রী | পদমশ্রী সকাল বাজার | ১,৪১,১১১/- | ১০০০.০০ | |
| ০৩ | গোবিন্দশ্রী | যতীন্দ্রগঞ্জ বাজার | ৩,৮৩৩/- | ৫০০.০০ | |
| ০৪ | মাঘান | জয়বাংলা বাজার | ২৩,৪০০/- | ৫০০.০০ | |
| ০৫ | তিয়শ্রী | বালালী বাঘমারা বাজার | ৯০,৮৯৪/- | ৫০০.০০ | |
| ০৬ | তিয়শ্রী | তিয়শ্রী বাজার | ৫৭,২৬৭/- | ৫০০.০০ | |
| ০৭ | নায়েকপুর | সিংহের বাজার | ৫৭৬০৮/- | ৫০০.০০ | |
| ০৮ | ফতেপুর | হাটশিরা বাজার | ৪২,১৬৭/- | ৫০০.০০ | |
| ০৯ | ফতেপুর | হাসনপুর বাজার | ১,২০,০০০/- | ১০০০.০০ | |

দরপত্র সমূহের সিডিউলে উল্লিখিত তারিখ পর্যন্ত জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা; পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন; সহকারী কমিশনার (ভূমি) এর কার্যালয়, মদন; সোনালী ব্যাংক লিঃ, মদন শাখা, অফিসার ইনচার্জ, মদন থানা এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ কার্যালয় হতে নির্ধারিত মূল্যে(অফেরতযোগ্য) অফিস চলাকালীন সময়ে ক্রয় করা যাবে। ক্রয়কৃত সিডিউল উল্লিখিত তারিখে উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, মদন; সহকারী কমিশনার (ভূমি), এর কার্যালয়, মদন; পুলিশ সুপারের কার্যালয়, নেত্রকোণা এবং জেলা প্রশাসকের কার্যালয়, নেত্রকোণা-এর স্থানীয় সরকার শাখায় রক্ষিত দরপত্র বাক্সে দরপত্র গ্রহণ করা হবে। ঐ দিনই বেলা ০৪.০০ টায় উপস্থিত দরপত্রদাতাগণের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে। ১ম পর্যায় যেসব হাটের দরপত্র গৃহীত হবে ২য় পর্যায় সেসব হাটের দরপত্র বিক্রয় করা হবে না। অনুরূপভাবে ২য় পর্যায় যে সব হাটের দরপত্র গৃহীত হবে ৩য় পর্যায়ে সে সব হাটের দরপত্র বিক্রয় করা হবে না।

কর্তৃপক্ষ কোন প্রকার কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন সময়ে যে কোন দরপত্র স্থগিত/বাতিল এবং গ্রহণ করার ক্ষমতা সংরক্ষণ করেন। দরদাতাকে উদ্ধৃত মূল্যের ৩০% অর্থ ব্যাংক ড্রাফটের মাধ্যমে দরপত্রের সাথে জমা দিতে হবে। উদ্ধৃত মূল্যের ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরিশোধ করতে হবে। অন্যান্য শর্তাবলী নিম্নস্বাক্ষরকারীর অফিস হতে জানা যাবে।

২৯/০১/২৬

(বেদবতী মিত্রী)

উপজেলা নির্বাহী অফিসার

মদন, নেত্রকোণা।

ফোন-০৯৫২৯-৫৬০০১

E-mail: unomadan@yahoo.com

CamScanner